দৈনিক বাংলা

তারিখ ... 03 JUL 1994 ..
পৃষ্ঠা ৬ কলাম ৪

71।

# উচ্চতর স্কেল দেয়ায় কলেজ শিক্ষকদের অভিনন্দন

৩০ জুন '৯৪ পর্যন্ত বর্তমান সরকারের আমলে প্রায় ৫০০০ সরকারী কলেজ শিক্ষকের পদোন্নতি প্রদান, জুলাই মাসের মধ্যে ৫৮টি কলেজে পদ সৃষ্টি করার আশ্বাস প্রদান এবং প্রায় ২৫০০ শিক্ষককে উচ্চতর স্কেল (৪১০০/-) প্রদান করায় বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতি, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি ও বাংলাদেশ সরকারী কলেজ প্রভাষক সমিতির নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার, শিক্ষা-সচিব মোঃ ইরশাদুল হক, মহাপরিচালক প্রফেসর মোঃ ইউনুস মিয়া, পরিচালক ডঃ আ খ ম শামসুদ্দোহা, শিক্ষা মন্ত্রণালয় ও অধিদফতরের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি কৃতজ্ঞতা ও অভিনন্দন জানিয়েছেন।

গত শুক্রবার সমিতিত্রয়ের নেতৃবৃন্দের সাথে এক বৈঠকে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার দেশ ও জাতীয় স্বার্থে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে শিক্ষকদের সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাওয়ার আহবান জানান। গত এসএসসি পরীক্ষা গ্রহণে সহযোগিতার জন্য তিনি সরকারী কলেজ শিক্ষকদের আন্তরিক অভিনন্দন জানান।

ক্যাডার বিধি মোতাবেক একটি সুষ্ঠু সমন্বিত নীতিমালার মাধ্যমে সরকারী কলেজ শিক্ষকদের পদোন্নতি প্রদানের বিষয়টি বর্ণিত সমিতিত্রয়ের প্রধান দাবি। বিষয়ভিত্তিক পদোন্নতির ফলে সৃষ্ট পদোন্নতি বৈষম্য প্রশমনের লক্ষ্যে এই নীতিমালা প্রণয়ন অপরিহার্য। সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে এই নীতিমালা প্রণয়নের জন্য নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রীকে অনুরোধ করেন। আলোচনায় অংশগ্রহণ করেন বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি প্রফেসর গুলশান আরা, মহাসচিব সিদ্দিকুর রহমান, অধ্যাপক সমিতির সহসভাপতি এস এম হাতেম আলী, মহাপরিচালক মমতাজ বেগম, উপাধ্যক্ষ হুসনা আখতার, প্রভাষক সমিতির মহাসচিব আবদুল আউয়াল খান, সাংগঠনিক সচিব মোঃ আবদুল কাদের, সাব্বির আহমেদ, আবদুস সামাদ ও জাহাঙ্গীর হোসেন শেখ।